# গাজীপুর সিটি কর্পোরেশনে দরিদ্র মহিলা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান শীর্ষক কর্মসূচি ২০১৯-২০২০ ইং

## কার্যক্রম মনিটরিং প্রতিবেদন

**(জুলাই – সেপ্টেম্বর,২০১৯)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অর্থায়নে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি'র (এফপিএবি) মাধ্যমে বাস্তবায়নাধীন''গাজীপুর সিটি কর্পোরেশনের দরিদ্র মহিলা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান'' শীর্ষক কর্মসূচির আওতায় অদ্য ২১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ রোজ শনিবার নিম্নসাক্ষরকারীগনের মাধ্যমে কর্মসূচির কার্যক্রম সরেজমিনে মনিটরিং করা হয়। এ সময় উপস্থিত ছিলেন কর্মসূচি পরিচালক ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব মোঃ রেজাউল হক, এফপিএবি' ঢাকা শাখার সভাপতি মোঃ নাছির উদ্দিন ভুইয়া, কন্সালটেন্ট ওডি এন্ড প্রোগ্রাম মোঃ ফসিয়ার রহমান এবং জেলা কর্মকর্তা মু. হেলাল আহম্মেদ জনি। নিম্নে মনিটরিংকালীন কার্যক্রমসমুহের বর্ননা প্রদান করা হলো।

## ফার্মেসী মালিকদের নিয়ে অর্ধ দিবস কন্সালটেশন সভায় অংশগ্রহনঃ

অদ্য ২১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ রোজ শনিবার সকাল ৮.০০ ঘটিকায় ঢাকা থেকে গাজীপুর সিটি কর্পোরেশনের ৪০নং ওয়ার্ডের উদ্দেশ্যে রওনা করে ১০.০০টায় জে.এস উচ্চ বিদ্যালয়, মাজুখান, টঙ্গীতে উপস্থিত হয়ে স্থানীয় ফার্মেসী মালিকদের নিয়ে আয়োজিত অর্ধ দিবস কন্সালটেশন সভা উদ্ধোধন করা হয়। এ সময় তাদের সাথে কর্মসূচির কার্যক্রমে কিভাবে তাদেরকে স্বমন্বয় করা যায় এবং নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যমে সাধারন দরিদ্র মহিলা ও শিশুদের সেবা প্রদান নিশ্চিত করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে তারা কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহায়তার আশ্বাস দেন। পাশাপাশি যে সমস্ত রোগী ক্লিনিকে পাঠানো প্রয়োজন তাদেরকে এফপিএবি ক্লিনিকে রেফার করার জন্য বলা হয়। তাঁরা কর্মসূচির কার্যক্রম সম্পর্কে অবগত আছেন এবং বিভিন্ন কন্সালটেশন সভায় নিয়মিত অংশগ্রহন করেন বলে জানা যায়।


ফার্মেসী মালিকদের নিয়ে আয়োজিত সভায় উপস্থিতির একাংশ



কন্সালটেশন সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন এফপিএবি ঢাকা শাখা সভাপতি মোঃ নাছির উদ্দিন ভূইয়া



সভায় বক্তব্য রাখছেন সিনিয়র সহকারী সচিব মোঃ মাসুদুর রহমান




সভায় বক্তব্য রাখছেন সিনিয়র সহকারী সচিব পাপিয়া ঘোষ



বক্তব্য রাখেন কর্মসূচি পরিচালক ও সহকারী সচিব মোঃ রেজাউল হক

# শিক্ষক এবং স্কুল ম্যানেজিং কমিটি সদস্যদের পুনঃ প্রশিক্ষণ পরিদর্শন ঃ

উপরোক্ত কার্যক্রম সম্পন্ন করে দুপুর ১২.৩০টায় গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন মাধ্যমিক স্কুলের শিক্ষক এবং ম্যানেজিং কমিটির সদস্যদের নিয়ে গাজীপুর ক্লাবে আয়োজিত দিনব্যাপী পুনঃপ্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়। এ সময় তাদের সাথে কর্মসূচি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মত বিনিময় করা হয়। বিশেষভাবে বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে জোড়ালো ভুমিকা রাখার জন্য আহবান জানানো হয়। পুনঃপ্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহনকারী শিক্ষক এবং ম্যানেজিং কমিটির সদস্যগন বাল্য বিবাহ প্রতিরোধ ও এর কুফল এবং কিশোর-কিশোরী স্বাস্থ্য বিষয়ক গ্রুপওয়ার্ক এবং প্রেজেন্টেশন করতে দেখা যায়। এ ছাড়াও তারা গত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহনের পর শিক্ষা প্রতিষ্ঠানে কি ধরনের পরিবর্তন এনেছেন সে বিষয়ে মতবিনিময় করেন।





বক্তব্য রাখছেন এফপিএবি ঢাকা শাখা সভাপতি মোঃ নাছির উদ্দিন ভূইয়া



প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন সিনিয়র সহকারী সচিব মোঃ মাসুদুর রহমান



প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন সিনিয়র সহকারী সচিব পাপিয়া ঘোষ



বক্তব্য রাখেন কর্মসূচি পরিচালক ও সহকারী সচিব মোঃ রেজাউল হক

উপরোক্ত কার্যক্রম সম্পন্ন করে ৪.৩০টায় ঢাকার উদ্দেশ্যে যাত্রা শুরু করা হয়।

সার্বিক মূল্যায়নঃ ''গাজীপুর সিটি কর্পোরেশনের দরিদ্র মহিলা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান'' শীর্ষক কর্মসূচির মাধ্যমে ফার্মেসী মালিকদের নিয়ে আয়োজিত সভায় ফার্মেসী মালিকগণ বিশেষভাবে মালিক সমিতির নেতৃবন্দ অপ্রয়োজনীয় এন্টিবায়োটিক এবং সিজাররোধে ভূমিকা রাখার অঙ্গিকার করেন। মেডিক্যাল/ স্যাটেলাইট ক্যাম্প, বিভিন্ন স্টেক হোল্ডারদের সাথে সভা, মায়েদের দল, গর্ভবতী মহিলাদের নিয়ে সভাসমূহ নিয়মিতভাবে সম্পন্ন হচ্ছে বলে জানা যায়। পরিদর্শনকালে গাজীপুর ক্লাবে অনুষ্ঠিত পুনঃপ্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী স্কুল শিক্ষক এবং ম্যানেজিং কমিটির সদস্যগণ বিগত প্রশিক্ষণের পর শিক্ষা প্রতিষ্ঠানে এবং ছাত্র/ছাত্রীদের মাঝে যে পরিবর্তন সাধিত হয়েছে সে বিষয়ে মতবিনিময় করেন। যা কর্মসূচির জন্য ইতিবাচক ফলাফল বয়ে আনবে।

২২/০৯/১৯

পাপিয়া ঘোষ
সিনিয়র সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২২/৯

মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

অনুলিপিঃ

১। মোঃ রেজাউল হক, সহকারী সচিব ও কর্মসূচী পরিচালক, গাজীপুর সিটি কর্পোরেশনের দরিদ্র মহিলা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান শীর্ষক কর্মসূচী।

২। নির্বাহী পরিচালক, এফপিএবি।